# বিসিএস প্রিলিমিনারি: বাংলা ভাষা ও সাহিত্য অংশে পূর্ণ নাম্বার পাওয়ার কৌশল

বিসিএস পরীক্ষার্থীদের জন্য প্রিলিমিনারি পরীক্ষা সবচেয়ে কঠিন ধাপ, যেখানে ৯০% পরীক্ষার্থী ফেল করেন। এক বাংলার কারণেই অনেক শিক্ষার্থীকে প্রিলিতেই ঝরে পরতে হয়। তাই, বাংলা ভাষা ও সাহিত্য অংশে সফল হতে পরিকল্পিত ও কৌশলী প্রস্তুতি জরুরি। এই অংশে মোট ৩৫ নম্বর থাকে, যার মধ্যে ১৫ নম্বর বাংলা ভাষা এবং ২০ নম্বর সাহিত্য। প্রিলি পরীক্ষায় উত্তীর্ণ হতে বাংলা অংশের সিলেবাসের প্রতিটি যুগের গুরুত্বপূর্ণ বিষয় ভালোভাবে জানা প্রয়োজন।




Made with GAMMA



# বাংলা সাহিত্যের যুগ ও প্রস্তুতি

### আদিযুগ (প্রাচীন যুগ)

৬৫০-১২০০ খ্রিষ্টাব্দের বাংলা ভাষা ও বাঙ্গালি জাতির উদ্ভব এবং প্রাচীন যুগের সাহিত্য-চর্যাপদ।

চর্যাপদের খুঁটিনাটি সব কিছু সম্পর্কে জানার সাপেক্ষে আপনাকে বিশেষত ড. মুহম্মদ শহীদুল্লাহ, হরপ্রসাদ শাস্ত্রী ও সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতামত এবং তাঁদের রচনাবলি সম্পর্কেও পড়াশোনা করতে হবে।

এই টপিকগুলোর উপর আপনার যত বেশি বিস্তারিত জ্ঞান থাকবে, এই অংশের প্রস্তুতিতে আপনি তত এগিয়ে থাকবেন।শুধুমাত্র এই অংশ থেকেই বাংলা সাহিত্য অংশে ১-২ নম্বরের প্রশ্ন হয়ে থাকে।

### মধ্যযুগ

১২০১-১৮০০ খ্রিষ্টাব্দের আরাকান রাজসভা, শ্রীকৃষ্ণকীর্তন, মঙ্গলকাব্য, মর্সিয়া সাহিত্য, কবিয়াল, শায়ের (পুঁথি সাহিত্য), নাথ সাহিত্য, বৈষ্ণব সাহিত্যে ভালোভাবে প্রস্তুতি নিতে হবে। এই অংশ থেকে বিসিএসে ৩-৪ নাম্বারের প্রশ্ন আসে।

Made with GAMMA



# আধুনিক যুগের বাংলা সাহিত্য

## সাহিত্যিক ও প্রতিষ্ঠান

এই অংশের জন্য বাংলা সাহিত্যের **বিকাশ ও এর সাথে জড়িত বিভিন্ন গুরুত্বপূর্ণ ব্যাক্তিবর্গ ও প্রতিষ্ঠান** সম্পর্কে নির্ভুল জ্ঞান অর্জন করতে হবে।

- **ফোর্ট উইলিয়াম কলেজ**
  **হিন্দু কলেজ**
- **মুসলিম সাহিত্য সমাজ**
  **বাংলা একাডেমি**
- **ইয়ং বেঙ্গল**
- **রাজা রামমোহন রায় উইলিয়াম কেরি**

## গুরুত্বপূর্ণ লেখক-সাহিত্যিক ও তাঁদের সাহিত্যকর্ম

- **রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম**—প্রতি বিসিএস পরীক্ষায় **এদের সাহিত্যকর্ম থেকে প্রশ্ন থাকে।**
  অন্যান্য বিখ্যাত সাহিত্যিকদের মধ্যে থাকেন

**১।জসীমউদ্‌দীন**

**২।রোকেয়া সাখাওয়াত হোসেন**

**৩।বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়**

**৪।মাইকেল মধুসূদন দত্ত**

**৫।হুমায়ূন আহমেদ। ৬।আখতারুজ্জামান ইলিয়াস**

**৭।সৈয়দ শামসুল হক  ৮।শরৎচন্দ্র চট্টোপাধ্যায়**

**৯।মানিক বন্দ্যোপাধ্যায়**

**১০।জহির রায়হান**

**১১।সুফিয়া কামাল**

**১২।শামসুর রাহমান**

**১৩।সৈয়দ ওয়ালীউল্লাহ**

**১৪।সেলিম আল দীন। ১৫।ফররুখ আহমদ**

**প্রতিটি সাহিত্যিকের জীবনী ও অন্তত একটি বিখ্যাত সাহিত্যকর্ম ভালোভাবে পড়তে হবে।**

Made with GAMMA

# ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ ও দেশভাগের সাহিত্য


## সাহিত্যিকদের নাম ও উপাধি

বিখ্যাত কবি-সাহিত্যিকদের উপাধি, ছদ্মনাম ও উক্তি মুখস্থ রাখা জরুরি।

## টপিকভিত্তিক পড়াশোনা

ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ ও দেশভাগের পটভূমিতে লেখা উপন্যাস, কবিতা, প্রবন্ধ ও স্মৃতিকথা সম্পর্কে জানতে হবে।

Made with GAMMA



# বিখ্যাত পত্রপত্রিকা ও সম্পাদক

### প্রকাশকাল ও সম্পাদক


দিগদর্শন, সমাচার দর্পণ, সংবাদ প্রভাকর, বঙ্গদর্শন, সবুজপত্র, সওগাত, নবযুগ, ধূমকেতু, কল্লোল, শিখা, পূর্বাশা, কবিতা, বেগম, চতুরঙ্গ ইত্যাদি।

### দেশাত্মবোধক গান ও লোকসংগীত

অঞ্চলভিত্তিক লোকসংগীত ও বাংলা সাহিত্যের প্রথম প্রকাশিত বিষয়গুলো গুরুত্ব দিয়ে পড়তে হবে।

Made with GAMMA

# বাংলা ভাষা: প্রস্তুতির জন্য মূল যেসব বিষয়




### ব্যাকরণ থেকে ১৫ নম্বর

উচ্চমাধ্যমিক পর্যায়ের ব্যাকরণ ভালোভাবে জানা জরুরি।

### গুরুত্বপূর্ণ অধ্যায়

- ধ্বনি, শব্দ, সন্ধি, প্রত্যয়, সমাস
- বাক্য, বানান ও বাক্যশুদ্ধি
- বাগধারা, উপসর্গ, কারক-বিভক্তি
- বিদেশি শব্দ (তুর্কি, ফরাসি, পর্তুগিজ, হিন্দি, আরবি, ফারসি, মিশ্র শব্দ) ও বিরাম চিহ্ন

Made with GAMMA



# প্রস্তুতির কৌশল

1

## বিগত প্রশ্ন ও ব্যাখ্যা

৩৫-৪৫তম বিসিএস পরীক্ষার প্রশ্ন ও ব্যাখ্যা ভালোভাবে পড়ুন।

2

## নোট তৈরি

গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম ও লেখকদের সংক্ষিপ্ত নোট তৈরি করুন।

3

## মডেল টেস্ট

অনলাইন বা বই থেকে মডেল টেস্ট দিন, নিজেকে যাচাই করুন।

Made with GAMMA

# চূড়ান্ত টিপস ও শুভকামনা

### নিয়মিত চর্চা


প্রতিদিন অন্তত ১-২ ঘণ্টা বাংলা ভাষা ও সাহিত্য চর্চা করুন।

### কৌশলী প্রস্তুতি

অপ্রয়োজনীয় তথ্য বাদ দিয়ে প্রয়োজনীয় অংশে জোর দিন।

**সবার জন্য শুভকামনা রইল.**

**মনে রাখবেন, কঠোর পরিশ্রম ও ধৈর্য্যই সাফল্যের চাবিকাঠি।**



Made with GAMMA